◆ ADVT ◆
এখানে বিজ্ঞাপন দিন
98700 06472 · need24.digital

NEED 24 NEWS
हर ख़बर, हर शहर

নীড 24 নিউজ

প্রতিটি খবর, প্রতিটি শহর

◆ ADVT ◆
এখানে বিজ্ঞাপন দিন
98700 06472 · need24.digital

DIGITAL E-PAPER

PRGI APPLICATION UNDER PROCESS
Application No. T/GJ/2026/0619/2304/1577

GST
GSTIN 24CINPG0564Q1ZT

UDYAM REGISTERED
UDYAM-GJ-14-0003714

◆ DIGITAL NEWS NETWORK ◆
ভারতের বিশ্বস্ত বহুভাষিক ডিজিটাল নিউজ নেটওয়ার্ক
11+ Languages | 24×7 Live | e-Paper Daily

আমাদের App ডাউনলোড করুন
Download on the App Store
GET IT ON Google Play

www.need24.digital
info@need24.in
+91 98700 06472
FOLLOW US:

তেজ় | সটীক | নিষ্পক্ষ | জনহিত में | सच की आवाज़ | जन-जन की आवाज़ | निडर पत्रकारिता

বাঁশবেড়িয়ে পৌরসভার অন্তর্গত বাসুদেবপুর অঞ্চলের শীতলা সঙ্ঘ ক্লাবের সংস্কৃতিক অনুষ্ঠানে জেলা ও রাজ্যের বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতি



বাঁশবেড়িয়া পৌরসভার 21 নম্বর ওয়ার্ড এর বাসুদেবপুর অঞ্চলের শীতলা সঙ্ঘ ক্লাবের পরিচালনায় শ্রী শ্রী শ্যামা মায়ের পুজো উপলক্ষে এক বিরাট সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি জেলা যুব মোর্চার সভাপতি শ্রী সম্বুধ দত্ত মহাশয়।উপস্থিত ছিলেন রাজ্য মহিলা মোর্চার নেত্রী শিপ্রা ঘোষ মহাশয়া । উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি সুরেশ চৌধুরী মহাশয়। প্রতিটি সম্মানীয় ব্যক্তি বর্গদের উত্তরীয় ও স্মারক দিয়ে সম্বর্ধনা দেওয়া হয়।প্রচুর দর্শক সমারোহের মধ্যে তাদের প্রত্যেকে তাদের মূল্যবান বক্তব্য রাখেন এবং প্রত্যেককে নতুন বাংলা গোরেতলার আহ্বান জানিয়ে হতে হাত মিলিয়ে এগিয়ে যাবার বার্তা জানান।সাধারণ মানুষও তাদের সবাইকে একই সঙ্গে দেখে ও তাদের কথা শুনে তাদের পাশে থাকার বার্তা জানান।

— Partha Chatterjee

নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটির উদ্যোগে নরনারায়ণ সেবা, নিজের হাতে মহাপ্রসাদ পরিবেশন করলেন OC জগন্নাথ ঘোষ

নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটির উদ্যোগে নরনারায়ণ সেবা, নিজের হাতে মহাপ্রসাদ পরিবেশন করলেন OC জগন্নাথ ঘোষ নবগ্রাম, মুর্শিদাবাদ: ধর্মীয় উৎসবের পাশাপাশি মানবসেবার বার্তা ছড়িয়ে দিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করেছিল মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটি। শ্যামাপুজো উ

— BALAI PRAMANIK

পশ্চিমবঙ্গে ১৫,০০০ নতুন দুর্গাপুজো ও ৬,০০০ কালীপুজো—সংস্কৃতির নতুন দিগন্ত

পশ্চিমবঙ্গের গৌরবময় ঐতিহ্য, সংস্কৃতি ও ধর্মীয় পরম্পরার পুনরুজ্জীবনে নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। এ বছর রাজ্যে ১৫ হাজারেরও বেশি নতুন দুর্গাপুজো এবং ৬ হাজারেরও বেশি নতুন কালীপুজো যুক্ত হয়েছে। বর্তমানে দুর্গাপুজোর সংখ্যা প্রায় ৫৮ হাজার এবং কালীপুজোর সংখ্যা প্রায় ৭৩ হাজারে পৌঁছেছে, যা দীর্ঘদিনের অ

— Soumitra Paul

তালসাগড়ায় জমজমাট একদিনের ফুটবল উৎসব



তালসাগড়ায় জমজমাট একদিনের ফুটবল উৎসব-২০২৬ অনুষ্ঠিত

বাঁকুড়া:

বাঁকুড়া জেলার তালসাগড়ায় মহাসমারোহে অনুষ্ঠিত হলো একদিনের ‘তালসাগড়া ফুটবল উৎসব-২০২৬’। তালসাগড়া মহাপ্রভু সংঘের পরিচালনায় এবং মহাশয়ের ফুটবল ময়দানে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

স্মরণ ও উৎসর্গ:

স্বর্গীয় দুর্গানন্দ চক্রবর্তী, স্বর্গীয় বুদ্ধেশ্বর চক্রবর্তী (বিশিষ্ট ক্রীড়াবিদ) এবং সদ্য প্রয়াত মাস্টারমশাই স্বর্গীয় পবিত্র কুমার চক্রবর্তীর স্মৃতি কাপ এবং তালসাগড়া মহাপ্রভু সংঘের বিশিষ্ট সদস্যা স্বর্গীয়া প্রতিমা মালের স্মরণে এই ফুটবল উৎসবের আয়োজন করা হয়েছে।

তারিখ ও সময়:

বৃহস্পতিবার (২৫শে কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ই নভেম্বর, ২০২৬) সকাল ১০টায় খেলা শুরু হয়।

অংশগ্রহণকারী দলসমূহ:

এদিনের টুর্নামেন্টে মোট চারটি শক্তিশালী দল অংশগ্রহণ করে:

বন্ধু একাদশ (গ্রামবেড়া)

পি.এফ.টি. বড়জোড়া (বাঁকুড়া)

বাঁকড়া একাদশ (বাঁকড়া)

সমৃদ্ধি ইলেভেন (বেলিয়াতোড়)

উপস্থিতি ও অন্যান্য কর্মসূচি:

এদিনের এই ফুটবল উৎসবকে কেন্দ্র করে স্থানীয় ক্রীড়াপ্রেমী মানুষ ও দর্শকদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যায়। খেলায় কয়েক হাজার দর্শকের সমাগম ঘটেছিল। সংঘের ১০ বছর পূর্তি উপলক্ষে ফুটবল খেলার পাশাপাশি বেশ কিছু সমাজকল্যাণমূলক ও জনসচেতনতামূলক কর্মসূচি পালন করা হয়:

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা

গরিব মানুষের মধ্যে বস্ত্রদান

রক্তদান শিবির

বিনামূল্যে স্বাস্থ্যশিবির

‘সেভ ড্রাইভ সেভ লাইফ’ প্রকল্পের আওতায় হেলমেট প্রদান

এছাড়া দর্শকদের জন্য বিশেষ লটারির ব্যবস্থাও রাখা হয়েছিল।

পরিচালনা:

বিশিষ্ট ব্যক্তি ও সমাজসেবী বাবলু রায়, বাঁকিশোল অক্ষয় কুমার ইনস্টিটিউশনের প্রাক্তন গেম টিচার এবং বিশিষ্ট সমাজসেবী গোপীনাথ চক্রবর্তী পুরো খেলাটি অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিচালনা করেন।

— Giasuddin Mandal

LIFESTYLE

বাঙালির ঘরে ঘরে বোনেরা ভাইদের ফোঁটা দিয়ে মঙ্গল কামনা



বাঙালি পরিবারে একটি প্রচলিত রীতি রয়েছে, যেখানে বোনেরা ভাইদের কপালে ফোঁটা (তিলক) করে তাদের মঙ্গল কামনা করে।

এই রীতি ঘরে ঘরে পালন করা হয় এবং পারিবারিক স্নেহ ও ঐক্যের প্রতীক হিসেবে বিবেচিত হয়।

ফোঁটা দেওয়ার মাধ্যমে বোনেরা ভাইদের স্বাস্থ্যের ও সাফল্যের জন্য শুভেচ্ছা জানায়, যা বাঙালি সংস্কৃতির অন্তর্নিহিত মূল্যবোধকে প্রতিফলিত করে।

— Surajit Das, Kolkata

LOCAL

শিলিগুড়ি ও পশ্চিমবঙ্গে ভাতৃদিতিয়া উদযাপন, সুজিত বসের বাড়িতে বিশেষ অনুষ্ঠান



আজ শিলিগুড়ি এবং পশ্চিমবঙ্গের অন্যান্য অংশে ভাতৃদিতিয়া উৎসবটি বিশাল ধুমধাম সহ সম্পন্ন হয়েছে।

হিন্দু জাগরণ মঞ্চের শিলিগুড়ি সহ-সংযোজক শ্রী সুজিত বস এবং বিজেপি ট্রেড সেল কো-কনভেনোরের বাড়িতে এই বিশেষ দিনটি উদযাপন করা হয়েছে।

উদযাপনটি স্থানীয় জনগণের উপস্থিতিতে সমৃদ্ধ ছিল এবং উভয় গৃহস্থালীর আয়োজনে অনুষ্ঠানের পরিবেশকে আরও উজ্জ্বল করে তুলেছে।

— Sujit Bose, Siliguri

সম্প্রীতি ও সৌহার্দ্যের বার্তা, খড়গ্রাম থানায় আয়োজিত হল গণ ভাইফোঁটা অনুষ্ঠান



সম্প্রীতি ও সৌহার্দ্যের বার্তা, খড়গ্রাম থানায় আয়োজিত হল গণ ভাইফোঁটা অনুষ্ঠান

ভাতৃদ্বিতীয়ার পবিত্র ও শুভলগ্নে সম্প্রীতি ও সৌহার্দ্যের এক অনন্য নজির দেখা গেল মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানায়। বুধবার খড়গ্রাম থানা প্রাঙ্গণে আয়োজিত হল গণ ভাইফোঁটা অনুষ্ঠান।

এই অনুষ্ঠানে খড়গ্রাম থানার বিভিন্ন পুলিশ আধিকারিক ও পুলিশকর্মীরা অংশগ্রহণ করেন। পাশাপাশি খড়গ্রাম থানার বিভিন্ন স্কুলের ছাত্রীরা অনুষ্ঠানে উপস্থিত হয়ে পুলিশকর্মীদের কপালে চন্দনের ফোঁটা দিয়ে ভাইফোঁটার শুভেচ্ছা জানায়। ভাই-বোনের স্নেহ, ভালোবাসা ও আন্তরিকতার মধ্য দিয়ে এক সুন্দর সম্পর্কের প্রতিচ্ছবি ফুটে ওঠে এই অনুষ্ঠানে।

এই অভিনব উদ্যোগের মধ্য দিয়ে পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ক, বিশ্বাস, সৌহার্দ্য ও আন্তরিকতার বন্ধন আরও দৃঢ় হবে বলে আশা প্রকাশ করা হচ্ছে।

উৎসবের আবহে এই গণ ভাইফোঁটা অনুষ্ঠান শুধু ভাই-বোনের সম্পর্ককেই উদযাপন করল না, বরং পুলিশ ও জনতার মধ্যে এক সুন্দর সামাজিক মেলবন্ধনের বার্তাও তুলে ধরল।

— BALAI PRAMANIK

অনুষ্ঠান শুধু ভাই-বোনের সম্পর্ককেই উদযাপন করল না, বরং পুলিশ ও জনতার মধ্যে এক সুন্দর সামাজিক মেলবন্ধনের বার্তাও তুলে ধরল।

— BALAI PRAMANIK

ভাইফোঁটার প্রীতি বন্ধনে বিশেষ অনুষ্ঠান, নগর হোমের আবাসিকদের নিয়ে উৎসব পালন বিজেপি কার্যালয়ে



ভাইফোঁটার প্রীতি বন্ধনে বিশেষ অনুষ্ঠান, নগর হোমের আবাসিকদের নিয়ে উৎসব পালন বিজেপি কার্যালয়ে

ভাই-বোনের চিরন্তন ভালোবাসা, স্নেহ ও সম্প্রীতির বন্ধনকে আরও দৃঢ় করতে শুভ ভাইফোঁটা উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

নবদ্বীপ বিভাগের এসসি মোর্চার ইনচার্জ প্রকাশ রাজবংশীর উদ্যোগে ভারতীয় জনতা পার্টির কার্যালয় প্রাঙ্গণে বুধবার বিকেলে এই ভাইফোঁটা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নগর হোমের আবাসিক ছেলেমেয়েরা উপস্থিত হয়ে ভাইফোঁটার আনন্দে সামিল হয়।

এদিন বোনেরা ভাইদের কপালে চন্দনের ফোঁটা দিয়ে তাদের দীর্ঘায়ু ও মঙ্গল কামনা করে। উৎসবকে ঘিরে উপস্থিত সকলের মধ্যে আনন্দ ও উৎসাহের পরিবেশ তৈরি হয়।

ভাইফোঁটা অনুষ্ঠান শেষে আয়োজন করা হয় নাচ ও গানের মাধ্যমে এক ছোট সাংস্কৃতিক অনুষ্ঠানের। সেখানে বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনার পাশাপাশি নাচের মাধ্যমে অনুষ্ঠানে বাড়তি আনন্দ যোগ হয়।

সব মিলিয়ে ভাই-বোনের ভালোবাসা, সামাজিক সম্প্রীতি ও আনন্দের আবহে সুন্দরভাবে সম্পন্ন হয় এদিনের ভাইফোঁটা উৎসব।

— BALAI PRAMANIK

জাতীয় সড়কে ভয়াবহ দুর্ঘটনা! কলা বোঝাই অটোকে পিছন থেকে ধাক্কা লরির, দুমড়ে-মুচড়ে গেল অটো, আহত এক



জাতীয় সড়কে ভয়াবহ দুর্ঘটনা! কলা বোঝাই অটোকে পিছন থেকে ধাক্কা লরির, দুমড়ে-মুচড়ে গেল অটো, আহত এক

সকাল সকাল জাতীয় সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনা! কলা বোঝাই একটি অটোকে পিছন দিক থেকে সজোরে ধাক্কা মারল একটি লরি। সংঘর্ষের তীব্রতায় কার্যত দুমড়ে-মুচড়ে গেল অটোটি। অন্যদিকে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে ছিটকে প্রায় ১০০ মিটার দূরে গিয়ে খাদে পড়ল লরিটি। দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন অটোতে থাকা এক ব্যক্তি। লরির চালকও গাড়ির ভিতরে আটকে পড়েন। স্থানীয়দের তৎপরতায় আহতদের উদ্ধার করে পাঠানো হয় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। ঘটনাকে কেন্দ্র করে সকাল থেকেই ব্যাপক চাঞ্চল্য ছড়ায় এলাকায়।

সকালবেলা ব্যস্ত জাতীয় সড়ক। অন্যান্য দিনের মতোই চলছিল যানবাহন। সেই সময় ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কলা বোঝাই একটি অটো বহরমপুরের দিক থেকে পলসন্ডার দিকে যাচ্ছিল। একই রাস্তায় অটোর পিছন দিক থেকে আসছিল একটি লরি। সেই সময় সামনের দিক থেকে রং রুটে অন্য একটি গাড়ি চলে আসায় পরিস্থিতি জটিল হয়ে ওঠে। অভিযোগ, আচমকাই নিয়ন্ত্রণ হারিয়ে পিছন থেকে আসা লরিটি কলা বোঝাই অটোটি কার্যত দুমড়ে-মুচড়ে যায়। অন্যদিকে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে ছিটকে গিয়ে দ্বিতীয় লেনের প্রায় ১০০ মিটার দূরে একটি খাদে পড়ে যায় লরিটি।

দুর্ঘটনার পরই এলাকায় ছড়িয়ে পড়ে ব্যাপক চাঞ্চল্য। অটোতে থাকা এক ব্যক্তি গুরুতর আহত হন। পাশাপাশি লরির চালকও গাড়ির ভিতরে আটকে পড়েন। খবর পেয়ে স্থানীয় বাসিন্দারা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন। তাদের সহযোগিতায় আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়।

অন্যদিকে দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। কীভাবে এই দুর্ঘটনা ঘটল, তা খতিয়ে দেখা হচ্ছে। ভয়াবহ এই দুর্ঘটনার জেরে জাতীয় সড়কে কিছুক্ষণের জন্য আতঙ্ক ও উত্তেজনার পরিবেশ তৈরি হয়।

সামনের দিক থেকে আসা গাড়ি, পিছন থেকে আসা লরি এবং নিয়ন্ত্রণ হারানোর জেরে মুহূর্তের মধ্যেই ঘটে গেল এই ভয়াবহ দুর্ঘটনা। তবে জাতীয় সড়কে যান চলাচলের ক্ষেত্রে আরও সতর্কতা ও ট্রাফিক নিয়ম মেনে চলার প্রয়োজনীয়তা আবারও সামনে এনে দিল এই ঘটনা।

এখন প্রশ্ন, কী কারণে লরিটি নিয়ন্ত্রণ হারাল এবং দুর্ঘটনার প্রকৃত কারণ কী? তারই উত্তর খুঁজছে পুলিশ।

— BALAI PRAMANIK

নরেন্দ্র মোদির অবিকল চেহারা! হাজারদুয়ারিতে সদানন্দকে ঘিরে পর্যটকদের চমক, কান্দি থেকে এলেন কর্নাটকের ‘মোদি’!



নরেন্দ্র মোদির অবিকল চেহারা! হাজারদুয়ারিতে সদানন্দকে ঘিরে পর্যটকদের চমক, কান্দি থেকে এলেন কর্নাটকের ‘মোদি’!

চেহারায় অবিকল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি! পোশাক-পরিচ্ছদ থেকে শুরু করে চলাফেরা—সবেতেই যেন প্রধানমন্ত্রীর ছাপ। আর এই চেহারার জেরেই মুর্শিদাবাদের ঐতিহাসিক হাজারদুয়ারিতে পর্যটকদের কাছে বিশেষ আকর্ষণ হয়ে উঠলেন কর্নাটকের বাসিন্দা সদানন্দ নায়েক। গাড়ি থেকে নামতেই তাকে দেখে অনেকেই প্রথমে ভেবেছিলেন, স্বয়ং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হাজির হয়েছেন হাজারদুয়ারিতে! পরে অবশ্য কাছে আসতেই ভাঙে সেই ভুল। কালীপুজো উপলক্ষে কান্দিতে এসে এবার হাজারদুয়ারি ভ্রমণে চমক দিলেন এই ‘মোদি-সদৃশ’ ব্যক্তি।

ঐতিহাসিক হাজারদুয়ারির প্রাঙ্গণে প্রতিদিনই ভিড় জমান দেশ-বিদেশের অসংখ্য পর্যটক। তবে এবার সেই পর্যটকদের নজর কাড়লেন এক বিশেষ ব্যক্তি। তাকে দেখলে প্রথম দর্শনে মনে হতে পারে, তিনি যেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি! কিন্তু না, তিনি প্রধানমন্ত্রী নন। তিনি কর্নাটকের বাসিন্দা সদানন্দ নায়েক।

জানা গিয়েছে, মুর্শিদাবাদের কান্দিতে মধুসূদন দত্তের বাড়িতে কালীপুজো উপলক্ষে এসেছেন সদানন্দ নায়েক। তার চেহারা ও সাজপোশাক অনেকটাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মতো। সদানন্দের কথায়, ২০১৯ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে তার সাক্ষাতের সুযোগ হয়েছিল। সেই সময় দু'জনের মধ্যে হাই-হ্যালো বিনিময়ও হয়। এরপর থেকেই প্রধানমন্ত্রীর আদলে নিজের এই বিশেষ সাজপোশাক বজায় রেখেছেন তিনি।

চারধাম যাত্রা শেষ করে হরিদ্বারে ২৮ দিন কাটানোর পর কান্দিতে আসেন সদানন্দ। এরপর ঐতিহাসিক হাজারদুয়ারি ঘুরে দেখার জন্য মধুসূদন দত্ত তাকে গাড়িতে করে পাঠান লালবাগে।

নামতেই শুরু হয় চমকের পালা। সদানন্দকে দেখে প্রথমে অনেক পর্যটকই কার্যত হতভম্ব হয়ে যান। কেউ কেউ তাকে প্রধানমন্ত্রী ভেবে ভুলও করেন। পরে কাছে গিয়ে কথা বলতেই পরিষ্কার হয় আসল পরিচয়। তিনি কর্নাটকের সদানন্দ নায়েক, যার চেহারা ও সাজপোশাকে রয়েছে নরেন্দ্র মোদির স্পষ্ট ছাপ।

তার এই অভিনব উপস্থিতিকে ঘিরে পর্যটকদের মধ্যে তৈরি হয় ব্যাপক কৌতূহল। অনেকেই এগিয়ে এসে তাঁর সঙ্গে কথা বলেন এবং ছবি তোলার আগ্রহ প্রকাশ করেন।

সদানন্দ নায়েক জানান, হাজারদুয়ারি দর্শন শেষ করে এবার তাঁর পরবর্তী গন্তব্য নবদ্বীপ। তবে মুর্শিদাবাদের এই ঐতিহাসিক পর্যটনকেন্দ্রে তার উপস্থিতি যে পর্যটকদের কাছে এক অন্যরকম অভিজ্ঞতা হয়ে রইল, তা বলাই যায়।

ইতিহাসের শহর মুর্শিদাবাদে হাজারদুয়ারি দেখতে এসে এমন চমক পাবেন, তা হয়তো ভাবতেও পারেননি পর্যটকরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অবিকল চেহারার অধিকারী সদানন্দ নায়েককে ঘিরে তাই এদিন হাজারদুয়ারি প্রাঙ্গণে ছিল বাড়তি কৌতূহল।

আসুন, এবার সরাসরি সদানন্দ নায়েকের মুখ থেকেই শুনে নেওয়া যাক তার এই বিশেষ সাজপোশাকের গল্প।

— BALAI PRAMANIK

ভাই-বোনের ভালোবাসার অনন্য ছবি! নবগ্রাম থানায় গণ ভাইফোঁটার আয়োজন, উপস্থিত বিধায়ক-সহ পুলিশ আধিকারিকরা



ভাই-বোনের ভালোবাসার অনন্য ছবি! নবগ্রাম থানায় গণ ভাইফোঁটার আয়োজন, উপস্থিত বিধায়ক-সহ পুলিশ আধিকারিকরা

ভাই-বোনের সম্পর্ক মানেই স্নেহ, ভালোবাসা, আবেগ আর একে অপরের মঙ্গল কামনা। সেই চিরন্তন সম্পর্কের বন্ধনকে আরও দৃঢ় করতে প্রতি বছরের মতো এবছরও এক সুন্দর উদ্যোগের সাক্ষী থাকল মুর্শিদাবাদ জেলার নবগ্রাম।

বুধবার নবগ্রাম থানা প্রাঙ্গণে নবগ্রাম থানাপাড়া সার্বজনীন শ্যামাপুজো কমিটির উদ্যোগে আয়োজন করা হয় বর্ণাঢ্য গণ ভাইফোঁটা অনুষ্ঠানের। আর এই অনুষ্ঠানকে ঘিরেই থানা প্রাঙ্গণে তৈরি হয় এক উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশ।

প্রচলিত রীতি মেনে একে একে ভাইদের কপালে চন্দনের ফোঁটা পরিয়ে দেন বোনেরা। ধান-দূর্বা দিয়ে আশীর্বাদ, চিরুনি দিয়ে মাথা আঁচড়ে দেওয়া এবং মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে ভাইদের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করেন তাঁরা। এরপর সাজিয়ে রাখা মিষ্টির থালা ভাইদের হাতে তুলে দেওয়া হয়। ভাইরাও বোনদের হাতে উপহার তুলে দিয়ে ভালোবাসা ও শুভেচ্ছা বিনিময় করেন।

এদিনের অনুষ্ঠানে একদিকে যেমন ছিল ধর্মীয় রীতি ও ঐতিহ্যের ছোঁয়া, অন্যদিকে ছিল পারস্পরিক ভালোবাসা, আন্তরিকতা এবং আনন্দের এক সুন্দর মুহূর্ত। ব্যস্ত পুলিশি কর্মজীবনের মধ্যেও এমন আয়োজন যেন কিছুক্ষণের জন্য সবাইকে মিলিয়ে দিল এক পারিবারিক বন্ধনে।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লালবাগ সার্কেলের এসডিপিও, নবগ্রাম থানার ওসি, নবগ্রাম বিধানসভার বিধায়ক-সহ নবগ্রাম থানার অন্যান্য পুলিশ আধিকারিক ও কর্মীরা।

উল্লেখ্য, ভাইফোঁটা কেবল একটি ধর্মীয় বা সামাজিক অনুষ্ঠান নয়, এটি ভাই-বোনের পারস্পরিক ভালোবাসা, বিশ্বাস ও মঙ্গল কামনার এক চিরন্তন উৎসব। আর সেই উৎসবকে কেন্দ্র করে নবগ্রাম থানা প্রাঙ্গণে এমন উদ্যোগ নিঃসন্দেহে এক ইতিবাচক সামাজিক বার্তা বহন করল।

শ্যামাপুজো কমিটির এই উদ্যোগে নবগ্রামে ধরা পড়ল সম্প্রীতি, সৌহার্দ্য এবং পারিবারিক ভালোবাসার এক সুন্দর ছবি।

— BALAI PRAMANIK

ধর্মের বেড়াজাল পেরিয়ে ভাই-বোনের ভালোবাসা! হিন্দু বোনের হাতে ফোঁটা নিলেন মুসলিম ভাই, সম্প্রীতির নজির নবগ্রামের পাঁচগ্রামে



ধর্মের বেড়াজাল পেরিয়ে ভাই-বোনের ভালোবাসা! হিন্দু বোনের হাতে ফোঁটা নিলেন মুসলিম ভাই, সম্প্রীতির নজির নবগ্রামের পাঁচগ্রামে

ধর্ম আলাদা, কিন্তু ভালোবাসার বন্ধনে কোনও বিভেদ নেই। জাতি-ধর্মের সমস্ত বেড়াজাল পেরিয়ে ভাই-বোনের পবিত্র সম্পর্ক যে মানবিকতা ও সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত হয়ে উঠতে পারে, তারই ছবি দেখা গেল মুর্শিদাবাদ জেলার নবগ্রামের পাঁচগ্রাম অঞ্চলে।

গত বছরের মতো এবছরও ভাইফোঁটার অনুষ্ঠানে সামিল হলেন হিন্দু বোন রিনা এবং তার পাতানো ভাই মুসলিম সম্প্রদায়ের রাজু রহমান। ভাইফোঁটার এই বিশেষ দিনে বোন রিনা স্নেহ ও ভালোবাসার সঙ্গে ভাই রাজু রহমানের কপালে চন্দনের ফোঁটা পরিয়ে দেন। ভাইয়ের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সম্পন্ন করেন ভাইফোঁটার সমস্ত আচার।

এখানে ধর্মের কোনও বিভেদ নেই, নেই জাতপাতের ভেদাভেদ। রয়েছে শুধু একে অপরের প্রতি আন্তরিকতা, শ্রদ্ধা, ভালোবাসা ও আত্মিক টান। তাদের এই সম্পর্ক যেন আরও একবার মনে করিয়ে দিল, মানুষের পরিচয় সবার আগে মানবিকতা।

বোন রিনা জানান, প্রতি বছরের মতো আগামী দিনেও তিনি তার ভাইকে এভাবেই ভাইফোঁটা দিতে চান। এই বিশেষ দিনে ভাইকে ফোঁটা দিতে পেরে তিনি অত্যন্ত খুশি বলেও জানান।

অন্যদিকে, ভাই রাজু রহমানের কথায়, বোনের কাছ থেকে ভাইফোঁটা নেওয়া শুধু একটি রীতি পালন নয়, বরং বোনের সঙ্গে সুখ-দুঃখ ভাগ করে নেওয়ার এক আন্তরিক অঙ্গীকার। প্রতি বছরের মতো এবছরও সেই সম্পর্ক ও প্রতিশ্রুতি বজায় রাখার কথা জানান তিনি।

ধর্মীয় পরিচয় আলাদা হলেও মনের টান যে কখনও আলাদা হয় না, রিনা ও রাজু রহমানের এই সম্পর্ক তারই জীবন্ত উদাহরণ। তাদের এই উদ্যোগ সমাজে সাম্প্রদায়িক সম্প্রীতি, পারস্পরিক শ্রদ্ধা ও ভ্রাতৃত্বের বার্তা ছড়িয়ে দিল।

ভাইফোঁটার এই বিশেষ মুহূর্তে তাদের একটাই বার্তা—ধর্ম যার যার, ভালোবাসা সবার।

ভাই ও বোন এই বিশেষ সম্পর্ক এবং ভাইফোঁটা নিয়ে আর কী বললেন, শুনুন তাদের মুখ থেকেই।

— BALAI PRAMANIK

সাগরদিঘিতে যুবকের রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য, বিবাহবহির্ভূত সম্পর্কের জেরে আত্মহত্যার অভিযোগ! আটক মহিলা



সাগরদিঘিতে যুবকের রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য, বিবাহবহির্ভূত সম্পর্কের জেরে আত্মহত্যার অভিযোগ! আটক মহিলা

অশান্তির জেরে যুবকের রহস্যজনক মৃত্যু! মুর্শিদাবাদের সাগরদিঘি থানার চিলাডাঙ্গা এলাকায় তোতা মণ্ডল নামে এক যুবকের ঝুলন্ত দেহ উদ্ধারকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

পরিবারের অভিযোগ, স্থানীয় এক মহিলার সঙ্গে তোতা মণ্ডলের বিবাহবহির্ভূত সম্পর্ক ছিল। সেই সম্পর্ককে কেন্দ্র করে গতকাল রাতে দু'জনের মধ্যে তীব্র বচসা ও অশান্তি হয়। পরিবারের আরও অভিযোগ, ওই মহিলা টাকার জন্য তোতা মণ্ডলের উপর মানসিক চাপ সৃষ্টি করতেন। আর সেই ঘটনার জেরেই যুবক আত্মঘাতী হয়েছেন বলে দাবি পরিবারের সদস্যদের। যদিও এই অভিযোগের সত্যতা এখনও তদন্তসাপেক্ষ।

ঘটনার পর ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দা ও পরিবারের সদস্যরা ওই মহিলাকে আটকে রেখে বিক্ষোভ দেখান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় সাগরদিঘি থানার পুলিশ। পুলিশ ওই মহিলাকে উদ্ধার করে থানায় নিয়ে যায় এবং যুবকের দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।

এদিকে, অভিযুক্ত মহিলার কঠোর শাস্তির দাবিতে এলাকার বহু মহিলা সাগরদিঘি থানায় এসে জড়ো হন। থানার সামনে বিক্ষোভ দেখিয়ে ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের শাস্তির দাবি জানান তাঁরা।

পুরো ঘটনাকে ঘিরে এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। তবে যুবকের মৃত্যুর প্রকৃত কারণ কী, তা ময়নাতদন্তের রিপোর্ট এবং পুলিশি তদন্তের পরেই স্পষ্ট হবে।

— BALAI PRAMANIK

ভাইফোঁটার দিনে দেবল হালদারের স্মৃতিতে শীতবস্ত্র বিতরণ, তেতুলতলা পুজো কমিটির মানবিক উদ্যোগ



ভাইফোঁটার দিনে দেবল হালদারের স্মৃতিতে শীতবস্ত্র বিতরণ, তেতুলতলা পুজো কমিটির মানবিক উদ্যোগ

ভাই-বোনের পবিত্র সম্পর্কের উৎসব ভাইফোঁটার দিনে এক মানবিক উদ্যোগের সাক্ষী থাকল মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকের হালদারপাড়া। প্রয়াত দেবল হালদারের স্মৃতির উদ্দেশ্যে দুঃস্থ ও অসহায় মানুষের হাতে শীতবস্ত্র তুলে দেওয়ার কর্মসূচি গ্রহণ করল হালদারপাড়ার তেতুলতলা পুজো কমিটি।

বুধবার পুজো কমিটির উদ্যোগে এই শীতবস্ত্র বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়। প্রয়াত দেবল হালদারের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এলাকার অসহায় ও দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানোর এই উদ্যোগ গ্রহণ করা হয়।

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জঙ্গিপুর সাংগঠনিক জেলা বিজেপির কৃষাণ মোর্চার সভাপতি সুবীর চন্দ্র মাঝি, তাপস পাল, দোলচাঁদ মাল, উৎপল ঘোষ,সুদীপ্ত মণ্ডল- আইটি সেলের সদস্য আসিফ আলী মির্জা সহ অন্যান্য বিজেপি নেতৃত্ব ও কর্মী-সমর্থকরা।

ভাইফোঁটার মতো এক বিশেষ দিনে এই মানবিক উদ্যোগের মধ্য দিয়ে প্রয়াত দেবল হালদারকে স্মরণ করার পাশাপাশি সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে থাকার বার্তা দিল তেতুলতলা পুজো কমিটি।

— BALAI PRAMANIK

জাতীয় সড়কে জোড়া দুর্ঘটনা! শিবপুরে লরির চাকায় পরে গিয়ে বাইক আরোহীর মৃত্যু, আহত একাধিক



ভাইফোঁটার দিন ১২ নম্বর জাতীয় সড়কে জোড়া দুর্ঘটনা! শিবপুরে লরির চাকায় পরে গিয়ে বাইক আরোহীর মৃত্যু, আহত একাধিক

ভাইফোঁটার দিনেও দুর্ঘটনার কালো ছায়া ১২ নম্বর জাতীয় সড়কে। বুধবার সন্ধ্যায় পরপর দুটি পৃথক পথ দুর্ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়াল মেহেদীপুর ও শিবপুর এলাকায়। শিবপুরে ছয় চাকার লরির চাকায় পরে গিয়ে মৃত্যু হলো এক বাইক আরোহীর। গুরুতর আহত আরও এক বাইক আরোহী।

স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ ১২ নম্বর জাতীয় সড়কের মেহেদীপুর মোড়ে দুটি বাইক দুই দিক থেকে যাওয়ার সময় মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনায় দুই বাইক আরোহী আহত হন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে।

অন্যদিকে, এর কিছুক্ষণ পরেই ১২ নম্বর জাতীয় সড়কের শিবপুর এলাকায় ঘটে আরও একটি ভয়াবহ দুর্ঘটনা। একটি ছয় চাকার লরির চাকায় পরে গিয়ে বাইকে থাকা দুই আরোহী গুরুতরভাবে আহত হন। স্থানীয়দের সহযোগিতায় দুজনকে উদ্ধার করে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা একজনকে মৃত বলে ঘোষণা করেন। অন্যজনের অবস্থা গুরুতর হওয়ায় তাঁর চিকিৎসা চলছে।

তবে মৃত বাইক আরোহীর পরিচয় এখনও জানা সম্ভব হয়নি। জানা গিয়েছে, শশুর বাড়ি থেকে বাড়ি ফেরার পথে ঘটে এই দুর্ঘটনা।

তাঁরা শিবপুরের দিক থেকে মেহেদীপুরের বাড়ির উদ্দেশ্যে যাচ্ছিলেন।

বাইকে থাকা শ্যালক গুরুতর আহত হন বলে জানা যায়।

দুটি দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি সামাল দেয়। কীভাবে পরপর এই দুর্ঘটনাগুলি ঘটল, তা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে পুলিশ।

ভাইফোঁটার মতো আনন্দের দিনে পরপর দুটি পথ দুর্ঘটনায় একদিকে যেমন এলাকায় শোকের ছায়া নেমে এসেছে, অন্যদিকে ১২ নম্বর জাতীয় সড়কে বারবার দুর্ঘটনার ঘটনায় বাড়ছে সাধারণ মানুষের উদ্বেগ ও আতঙ্ক।

— BALAI PRAMANIK

আনন্দে মাতলো বরাবাজার



‘ভাইয়ের কপালে দিলাম ফোঁটা, যমের দুয়ারে পড়ল কাঁটা। যমুনা দেয় যমকে ফোঁটা, আমি দিই আমার ভাইকে ফোঁটা। আজ শুভ ভাতৃদ্বিতীয়া, মূলত ভাইয়ের দীর্ঘ পরমায়ু কামনার উদ্দেশ্যে এবং ভাই-বোনের প্রীতির সম্পর্ক দৃঢ় করার উৎসব হল ভ্রাতৃদ্বিতীয়া। মিষ্টিমুখ করিয়ে উপহার বিনিময়ের মধ্যে দিয়ে ভাই এবং বোন উভয়েরই দীর্ঘায়ু এবং মঙ্গল কামনা করেন। সেই চিত্র দেখা গেল পুরুলিয়ার বরাবাজার শহরে। বুধবার বরাবাজার থানার পক্ষ থেকেও পথ চলতি সমস্ত ভাইদের কপালে ফোটা দিয়ে দীর্ঘায়ু কামনা করলেন বরাবাজার থানায় কর্মরত সমস্ত সিভিক ভলেন্টিয়ার বোনেরা। ভাইফোঁটা শুধু একটি ধর্মীয় অনুষ্ঠান নয়, এটি ভাই-বোনের চিরন্তন ভালোবাসা, স্নেহ ও আত্মিক বন্ধনের এক অনন্য প্রতীক। এদিন প্রত্যেকের উপস্থিতি ও সহযোগিতায় অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। এই ধরনের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকার শুভবুদ্ধি সম্পন্ন মানুষজন।

— Amaresh Dutta

CRIME

লকেট চট্টোপাধ্যায় সমীক ভট্টাচার্যকে ভাইফোঁটা দিলেন



লকেট চট্টোপাধ্যায় সমীক ভট্টাচার্যকে ভাইফোঁটা দিয়েছেন।

ঘটনাটি সম্পর্কে বিস্তারিত তথ্য এখনো প্রকাশিত হয়নি।

এ মুহূর্তে কোনো মন্তব্য বা তদন্তের তথ্য পাওয়া যায়নি।

— SANJIB KUMAR ROY

LOCAL

শিলিগুড়ি ২৫ ওয়ার্ডে ভারতীয় জনতা পার্টির ট্রেড সেল: ১৮০ বোনকে শাড়ি বিতরণ



ভাইফোঁটা উপলক্ষে শিলিগুড়ি জেলা ২৫ নম্বর ওয়ার্ডে ভারতীয় জনতা পার্টির ট্রেড সেল অনুষ্ঠিত হয়।

সেলফ হেল্প গ্রুপ, ডেঙ্গু গ্রুপ ও কর্পোরেশন পক্ষ থেকে কাজ করা বোনরা অংশগ্রহণ করে ১৮০ বোনকে শাড়ি বিতরণ করা হয়েছে।

ট্রেড সেলের কনভেনর শ্রী প্রেম কুমার আগরওয়াল এবং শ্রী সৌমেন দাস, যিনি শিলিগুড়ি জেলা BJP পেট্রোলিয়াম ট্রেড সেল ও BJP মন্ডল সভাপতি, উপস্থিত ছিলেন।

— Sujit Bose, Siliguri

ভাই ফোটা ভাইয়ের মঙ্গল কামনায় দিদিদের শুভেচ্ছা



আজ দিদিরা ভাই ফোটা ভাইয়ের মঙ্গল কামনায় একত্রিত হন।

দিদিরা ভাইয়ের জন্য শক্তি ও শুভেচ্ছা জানালেন, যা পরিবারের ঐতিহ্য ও সমর্থনের প্রতিফলন।

এই অনুষ্ঠানটি পরিবারের মধ্যে বন্ধন ও পারস্পরিক সমর্থনের গুরুত্বকে তুলে ধরে।

— Soumitra Paul

POLITICS

সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্মদিনে শত কোটি প্রণাম



সমাজ সংস্কারক ও স্বাধীনতা সংগ্রামী সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্মদিনে বিশাল জনসাধারণের সম্মান জানানো হয়।

অনেক মানুষ শত কোটি প্রণাম জানিয়ে তাঁর অবদানকে স্মরণ করেছে।

এই প্রণামগুলি তাঁর অবদানকে স্মরণ করার একটি প্রকাশ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রেরণার উৎস হিসেবে কাজ করবে।

— Soumitra Paul

POLITICS

রাজ্য সভাপতি সমীক ভট্টাচার্য ভাইফোঁটা নিলেন



রাজ্য সভাপতি সমীক ভট্টাচার্য সম্প্রতি ভাইফোঁটা নিলেন।

এই ক্রিয়াটি তার স্বাভাবিক দৈনন্দিন রুটিনের অংশ হিসেবে নথিভুক্ত হয়েছে।

এই মুহূর্তে ঘটনার সম্পর্কে অতিরিক্ত কোনো তথ্য প্রকাশিত হয়নি।

— SANJIB KUMAR ROY

রঘুনাথগঞ্জ সদরঘাটে দীর্ঘদিনের সমস্যার সমাধানের উদ্যোগ! মাঝিদের পুনর্বাসন, চালু হবে আধুনিক স্পিডবোট পরিষেবা



রঘুনাথগঞ্জ সদরঘাটে দীর্ঘদিনের সমস্যার সমাধানের উদ্যোগ! মাঝিদের পুনর্বাসন, চালু হবে আধুনিক স্পিডবোট পরিষেবা

অনিশ্চয়তা ও দুশ্চিন্তার অবসান ঘটিয়ে রঘুনাথগঞ্জের ঐতিহাসিক সদরঘাটের মাঝি ও ঘাটসংলগ্ন শ্রমিকদের পাশে দাঁড়াল জঙ্গিপুর পৌরসভা। মাঝিদের জীবিকা সুরক্ষিত রাখার পাশাপাশি সদরঘাটের পর্যটন পরিকাঠামো আধুনিক করে তোলার লক্ষ্যে একাধিক গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণের ঘোষণা করা হয়েছে। জঙ্গিপুর পৌরসভার চেয়ারম্যান সন্তোষ চৌধুরীর হস্তক্ষেপে এই উদ্যোগ ঘিরে নতুন আশার আলো দেখছেন দীর্ঘদিন ধরে ঘাটের সঙ্গে যুক্ত মাঝি ও শ্রমিকরা।

পৌরসভা সূত্রে জানা গিয়েছে, সদরঘাটে যাত্রী পারাপারের ক্ষেত্রে দীর্ঘদিন ধরে প্রচলিত হাতচালিত নৌকার পরিবর্তে আধুনিক ইঞ্জিনচালিত স্পিডবোট পরিষেবা চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এর ফলে যাত্রীদের যাতায়াত আরও দ্রুত ও স্বাচ্ছন্দ্যময় হবে বলে আশা করা হচ্ছে। তবে ঐতিহ্যবাহী নৌকাবিহারের ব্যবস্থা সম্পূর্ণ বন্ধ করা হচ্ছে না। পর্যটক ও সাধারণ মানুষের আনন্দভ্রমণের জন্য নৌকাবিহারের সুযোগ বহাল রাখার পরিকল্পনাও রয়েছে।

এই উদ্যোগের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হলো, দীর্ঘদিন ধরে নৌকা চালিয়ে যাঁরা জীবিকা নির্বাহ করে আসছেন, তাঁদের ভবিষ্যৎ কর্মসংস্থানের বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। মাঝিদের জীবিকার বিকল্প ব্যবস্থা গড়ে তুলতে পৌরসভার পক্ষ থেকে নির্দিষ্ট দোকানঘর তৈরি করে দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। এর ফলে পেশাগত পরিবর্তনের পাশাপাশি তাঁরা নতুনভাবে ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে জীবিকা নির্বাহের সুযোগ পাবেন।

অন্যদিকে, গঙ্গার সৌন্দর্যকে কেন্দ্র করে পর্যটনের আকর্ষণ বাড়াতেও উদ্যোগী হয়েছে পৌরসভা। পর্যটকদের জন্য অন্য একটি ঘাট আধুনিকভাবে সাজিয়ে তোলার পরিকল্পনা রয়েছে। সেখানে উন্নত পরিকাঠামোর মাধ্যমে নৌকাবিহার ও পর্যটন পরিষেবাকে আরও আকর্ষণীয় করে তোলার লক্ষ্য নেওয়া হয়েছে।

উল্লেখ্য, সদরঘাটের মাঝিরা দীর্ঘদিন ধরেই নিজেদের কর্মসংস্থান ও ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তায় ছিলেন। বিভিন্ন সময়ে প্রশাসনের কাছে নিজেদের সমস্যার কথা তুলে ধরেছিলেন তাঁরা। অবশেষে পৌরসভার এই উদ্যোগে কিছুটা হলেও স্বস্তি ফিরেছে তাঁদের মধ্যে। দীর্ঘ কয়েক বছর ধরে সদরঘাটে নৌকা চালিয়ে জীবিকা নির্বাহ করা এক প্রবীণ মাঝি জানান, পৌরসভার চেয়ারম্যান সন্তোষ চৌধুরীর এই উদ্যোগে তাঁরা অত্যন্ত খুশি। মাঝিদের জীবিকার বিকল্প ব্যবস্থা করে দেওয়ার পরিকল্পনাকে স্বাগত জানিয়েছেন ঘাটের অন্যান্য মাঝিরাও।

সব মিলিয়ে, জঙ্গিপুর পৌরসভার এই উদ্যোগ সদরঘাটের দীর্ঘদিনের সমস্যার সমাধানের পাশাপাশি পর্যটন ব্যবস্থার উন্নয়নেও নতুন দিশা দেখাতে পারে। একদিকে আধুনিক স্পিডবোট পরিষেবা ও পর্যটন পরিকাঠামোর উন্নয়ন, অন্যদিকে ঐতিহ্যের সঙ্গে যুক্ত মাঝি পরিবারগুলির বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা—এই দুইয়ের সমন্বয়ে ঐতিহাসিক সদরঘাটকে নতুন রূপে গড়ে তোলার স্বপ্ন দেখছে জঙ্গিপুর পৌরসভা। এখন এই পরিকল্পনা কত দ্রুত বাস্তবায়িত হয়, সেদিকেই তাকিয়ে রয়েছেন সদরঘাটের মাঝি ও স্থানীয় বাসিন্দারা।

— BALAI PRAMANIK

নবগ্রামের হজবিবিডাঙ্গায় প্রয়াত সিপিআইএম সদস্য ফটিক মার্জিতের স্মরণসভা



নবগ্রামের হজবিবিডাঙ্গায় প্রয়াত সিপিআইএম সদস্য ফটিক মার্জিতের স্মরণসভা

সদস্য ফটিক মার্জিতের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে স্মরণসভার আয়োজন করল সিপিআইএমের পাঁচগ্রাম এরিয়া কমিটি। মঙ্গলবার বিকেলে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের হজবিবিডাঙ্গায় এই স্মরণসভা অনুষ্ঠিত হয়। দলীয় নেতৃত্ব, কর্মী ও সমর্থকদের উপস্থিতিতে প্রয়াত নেতার স্মৃতিচারণের মধ্য দিয়ে তাকে শ্রদ্ধা জানানো হয়।

উল্লেখ্য, পাঁচগ্রাম এরিয়া কমিটির অন্তর্গত হজবিবিডাঙ্গার বাসিন্দা তথা সিপিআইএমের সদস্য ফটিক মার্জিত গত ৪ঠা সেপ্টেম্বর প্রয়াত হন। তার প্রয়াণে এলাকায় দলীয় কর্মী-সমর্থকদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। তার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন এবং আত্মার শান্তি কামনায় পাঁচগ্রাম এরিয়া কমিটির উদ্যোগে এই স্মরণসভার আয়োজন করা হয়।

এদিনের স্মরণসভায় উপস্থিত ছিলেন সিপিআইএমের মুর্শিদাবাদ জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য মুকুল মণ্ডল, নবগ্রাম ব্লক AIKS-এর সম্পাদক আমির আলী, পাঁচগ্রাম এরিয়া কমিটির সম্পাদক শ্যামল ঘোষ, পাঁচগ্রাম এরিয়া কমিটির সদস্য তথা কৃষক সংগঠনের সম্পাদক কদর আলী, খড়গ্রাম এরিয়া কমিটির সম্পাদক ভরত ঘোষ, সুনীল ঘোষ-সহ অন্যান্য দলীয় নেতৃত্ব, কর্মী ও সমর্থকেরা।

স্মরণসভায় উপস্থিত নেতৃবৃন্দ প্রয়াত ফটিক মার্জিতের রাজনৈতিক ও সাংগঠনিক জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন। তার দলীয় কর্মকাণ্ড, সংগঠনের প্রতি নিষ্ঠা এবং দীর্ঘদিনের রাজনৈতিক পথচলার স্মৃতিচারণ করেন তারা। পাশাপাশি তার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন উপস্থিত নেতৃত্ব।

শ্রদ্ধা, স্মৃতিচারণ ও আবেগঘন পরিবেশের মধ্য দিয়ে এদিনের স্মরণসভা সম্পন্ন হয়। প্রয়াত ফটিক মার্জিতের স্মৃতিকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন উপস্থিত দলীয় নেতৃত্ব ও কর্মী-সমর্থকেরা।

— BALAI PRAMANIK

প্রত্যন্ত গ্রাম বাঁকিপুরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির, উপকৃত আট থেকে আশি



প্রত্যন্ত গ্রাম বাঁকিপুরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির, উপকৃত আট থেকে আশি

নবগ্রাম, মুর্শিদাবাদ: চিকিৎসা পরিষেবা থেকে যাতে প্রত্যন্ত গ্রামের মানুষ বঞ্চিত না হন, সেই লক্ষ্যেই এবার গ্রামের দোরগোড়ায় পৌঁছে গেল চক্ষু চিকিৎসার পরিষেবা। সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারের উদ্যোগে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের রসুলপুর অঞ্চলের বাঁকিপুর নজরুল বিদ্যাপীঠ বিদ্যালয়ে আয়োজিত হলো বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির। মঙ্গলবার সকাল ১০টা থেকে শুরু হওয়া এই শিবিরে আট থেকে আশি—বিভিন্ন বয়সের বহু মানুষ চোখ পরীক্ষা করাতে উপস্থিত হন।

শিবিরে চক্ষু বিশেষজ্ঞদের মাধ্যমে রোগীদের চোখের বিভিন্ন সমস্যা পরীক্ষা-নিরীক্ষা করা হয়। চোখ চুলকানো, লাল হয়ে যাওয়া, অ্যালার্জি, দৃষ্টিশক্তি কমে যাওয়া থেকে শুরু করে ছানি সংক্রান্ত সমস্যাও খতিয়ে দেখেন চিকিৎসকেরা। যেসব রোগীর চোখে ছানি ধরা পড়েছে এবং অস্ত্রোপচারের প্রয়োজন রয়েছে, তাদের বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার পর অস্ত্রোপচারের তারিখ দেওয়ার ব্যবস্থা করা হয়। জানা গিয়েছে, সংশ্লিষ্ট অস্ত্রোপচার বহরমপুরের সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারে করা হবে। পাশাপাশি আয়ুষ্মান কার্ডের মাধ্যমেও অস্ত্রোপচারের সুযোগ রয়েছে বলে শিবির কর্তৃপক্ষের তরফে জানানো হয়। উন্নতমানের লেন্স প্রতিস্থাপনের ব্যবস্থাও রয়েছে ওই প্রতিষ্ঠানে। যাদের চশমার প্রয়োজন, তাদের জন্য নামমাত্র মূল্যে চশমা দেওয়ার ব্যবস্থাও করা হয়।

সংলগ্ন একটি প্রত্যন্ত কৃষিপ্রধান এলাকা। এলাকার অধিকাংশ মানুষই কৃষিকাজের সঙ্গে যুক্ত। কাজের ব্যস্ততা এবং চিকিৎসাকেন্দ্রে যাতায়াতের দূরত্বের কারণে অনেক সময় চোখের সমস্যা থাকা সত্ত্বেও চিকিৎসকের কাছে পৌঁছনো সম্ভব হয় না তাদের। সেই কথা মাথায় রেখেই গ্রামের মানুষের কাছে চক্ষু চিকিৎসার সুযোগ পৌঁছে দেওয়ার এই উদ্যোগ। শিবিরের প্রথম দিকে রোগীর উপস্থিতি তুলনামূলক কম থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বাড়তে থাকে ভিড়। আশপাশের গ্রামের বহু মানুষও শিবিরে এসে পরিষেবা গ্রহণ করেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক নূর আলীর উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। তাকে সহযোগিতা করেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক মতিউর রহমান। অন্যদিকে, প্রত্যন্ত এলাকার মানুষের কাছে চক্ষু চিকিৎসা পৌঁছে দেওয়ার লক্ষ্যে শিবির আয়োজনের প্রস্তাব দেয় সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার। শিবিরের বিষয়ে সাধারণ মানুষকে অবগত করতে সোমবার সারাদিন ধরে মাইকযোগে বাঁকিপুর ও পার্শ্ববর্তী এলাকায় প্রচার চালানো হয়।

গ্রামবাসীরা জানান, চিকিৎসকেরা অত্যন্ত যত্ন সহকারে তাদের চোখ পরীক্ষা করেছেন এবং প্রয়োজনীয় পরামর্শ দিয়েছেন। তাদের কথায়, কৃষিকাজের ব্যস্ততার কারণে আলাদা করে সময় বের করে দূরে চিকিৎসকের কাছে যাওয়া অনেক সময় সম্ভব হয় না। কিন্তু গ্রামের কাছেই এমন শিবির হওয়ায় যাতায়াতের ঝামেলা ছাড়াই তারা চোখ পরীক্ষা করানোর সুযোগ পেয়েছেন। এই উদ্যোগের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সংস্থার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তারা। পাশাপাশি প্রতি বছর এই ধরনের চক্ষু পরীক্ষা শিবির আয়োজনের আবেদনও জানান গ্রামবাসীরা।

জানা গিয়েছে, আগামী দু’ থেকে তিন মাসের মধ্যে বাঁকিপুর নজরুল বিদ্যাপীঠ বিদ্যালয়ে পুনরায় চক্ষু পরীক্ষা শিবির আয়োজনের পরিকল্পনা রয়েছে সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারের। মঙ্গলবার বিকেল ৪টে পর্যন্ত চলে এই শিবির।

প্রত্যন্ত এলাকার মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে বিদ্যালয় কর্তৃপক্ষ ও স্বাস্থ্য প্রতিষ্ঠানের এই যৌথ উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়। বিশেষ করে গ্রামীণ এলাকার প্রবীণ ও কর্মব্যস্ত মানুষের কাছে এই ধরনের বিনামূল্যের স্বাস্থ্য শিবির যে যথেষ্ট সহায়ক, বাঁকিপুরের এই উদ্যোগে ফের তারই প্রমাণ মিলল।

— BALAI PRAMANIK

বান্দোয়ানে



রক্তদান জীবন দান এই স্লোগানকে সামনে রেখে পুরুলিয়া জেলার বান্দোয়ানে আয়োজিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির। মুলত জেলাজুড়ে দেখা দিচ্ছে রক্তের ঘাটতি আর এই লক্ষ্যে রক্তের সংকট মেটাতে বান্দোয়ান থানার উদ্যোগে মঙ্গলবার আয়োজিত হল রক্তদান শিবির। এদিন শিবিরে মোট ৪০ জন রক্ত দান করেন। মুলত এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকার শুভবুদ্ধি সম্পন্ন মানুষজন।

— Amaresh Dutta

শ্যামাপুজো উপলক্ষে মানবিক উদ্যোগ, খড়গ্রাম থানাপাড়ায় দুঃস্থদের হাতে শীতবস্ত্র বিতরণ, অঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার প্রদান



শ্যামাপুজো উপলক্ষে মানবিক উদ্যোগ, খড়গ্রাম থানাপাড়ায় দুঃস্থদের হাতে শীতবস্ত্র বিতরণ, অঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার প্রদান

কেন্দ্র করে ধর্মীয় অনুষ্ঠানের পাশাপাশি সামাজিক ও মানবিক উদ্যোগের নজির গড়ল মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানাপাড়া সর্বজনীন শ্যামাপুজো কমিটি। মঙ্গলবার পুজো কমিটির উদ্যোগে এলাকার অসহায় ও দুঃস্থ মানুষদের হাতে শীতবস্ত্র তুলে দেওয়া হয়। পাশাপাশি, গত রবিবার আয়োজিত অঙ্কন প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের হাতে পুরস্কার তুলে দিয়ে উৎসাহিত করা হয় কচিকাঁচাদের।

শীতের আমেজ ধীরে ধীরে অনুভূত হতে শুরু করেছে। অন্যদিকে, বুধবার ভাইফোঁটা। তার আগের দিন মঙ্গলবার উৎসবের আনন্দকে আরও অর্থবহ করে তুলতে এগিয়ে আসে পুজো কমিটি। শীতের মরশুমে অসহায় মানুষের পাশে দাঁড়ানো এবং পুজোর আনন্দ সকলের সঙ্গে ভাগ করে নেওয়ার উদ্দেশ্যেই এই শীতবস্ত্র বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়। শীতবস্ত্র পেয়ে উপকৃত হন এলাকার বহু অসহায় ও দুঃস্থ মানুষ। তাঁদের মুখে দেখা যায় খুশির ছাপ।

এদিন শুধু শীতবস্ত্র বিতরণই নয়, শিশুদের প্রতিভা বিকাশেও বিশেষ গুরুত্ব দেয় পুজো কমিটি। গত রবিবার আয়োজিত অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। এই উদ্যোগের মাধ্যমে শিশুদের সৃজনশীল প্রতিভাকে উৎসাহিত করার পাশাপাশি তাদের আগামী দিনে আরও ভালো কাজ করার অনুপ্রেরণা জোগানো হয়।

থানার ওসি বাপি দত্ত-সহ থানার অন্যান্য আধিকারিকরা। এছাড়াও পুজো কমিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন সভাপতি সুদীপ্ত মজুমদার, সম্পাদক মিঠুন ঘোষ, সহ-সভাপতি দোল চাঁদ মাল, সহ-সম্পাদক তাপস পাল-সহ কমিটির অন্যান্য সদস্য ও বিশিষ্ট ব্যক্তিরা।

পুজোকে কেন্দ্র করে শুধুমাত্র ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যেই নিজেদের কর্মকাণ্ড সীমাবদ্ধ না রেখে সামাজিক দায়বদ্ধতার পরিচয় দিয়েছে খড়গ্রাম থানাপাড়া সর্বজনীন শ্যামাপুজো কমিটি। একদিকে দুঃস্থ মানুষের হাতে শীতবস্ত্র তুলে দেওয়া, অন্যদিকে শিশুদের প্রতিভাকে সম্মান জানিয়ে পুরস্কৃত করা— এই দুই উদ্যোগের মধ্য দিয়ে মানবিকতা ও সামাজিক সম্প্রীতির সুন্দর বার্তা ছড়িয়ে পড়ে এলাকায়। পুজো কমিটির এই উদ্যোগ স্থানীয় বাসিন্দাদের কাছেও প্রশংসিত হয়েছে।

— BALAI PRAMANIK